শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরে-বাংলা-নগর, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd


# সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজসমূহে
# ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকাস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট (কুমিল্লা), ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (বগুড়া) এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহে ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অন-লাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

## ২.০ সময়সূচি ঃ

| অন-লাইনে আবেদনের সময়সীমা (ফরম পূরণের ন্যূনতম ১ ঘন্টা পূর্বে টাকা জমা দিতে হবে) (১ম ও ২য় শিফট) | ফলাফল প্রকাশ (SMS-এর মাধ্যমে ও ওয়েবসাইটে) (১ম ও ২য় শিফট) | ভর্তির সময়সীমা | | ক্লাস শুরুর তারিখ (১ম ও ২য় শিফট) |
|---|---|---|---|---|
| | | মূল মেধা তালিকা হতে (১ম ও ২য় শিফট) | অপেক্ষমান (মেধাক্রম) তালিকা হতে (আসন শূন্য থাকা সাপেক্ষে) (১ম ও ২য় শিফট) | |
| ২২/০৫/২০১৭ হতে ১৪/০৬/২০১৭ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত) | ২০/০৬/২০১৭ | ২১/০৬/২০১৭ হতে ৩০/০৬/২০১৭ (রাত ১১ : ৫৯ ঘটিকা পর্যন্ত) | ০৩/০৭/২০১৭ হতে ১৫/০৭/২০১৭ | ০১/০৮/২০১৭ |

## ৩.০ ভর্তির শিক্ষাগত যোগ্যতা ঃ

৩.১ ভর্তির জন্য ২০১৫, ২০১৬, ২০১৭ সালে পাসকৃত এস.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং ছেলেদের ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জি.পি.এ. ৩.০০ সহ ন্যূনতম ৩.৫০ জি.পি.এ. প্রাপ্ত শিক্ষার্থীরা এবং মেয়েদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জি.পি.এ. ৩.০০ সহ ন্যূনতম ৩.০০ জি.পি.এ. প্রাপ্ত শিক্ষার্থীরা এবং 'ও' লেভেলে যে কোন একটি বিষয়ে 'সি' গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে কমপক্ষে 'ডি' গ্রেডে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

৩.২ এস.এস.সি.সহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাস প্রার্থীরাও আবেদন করতে পারবে। তবে আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স অনুর্ধ্ব ২২ বছর হতে হবে।

## ৪.০ আবেদনের পদ্ধতি ও নিয়মাবলী ঃ

৪.১ ভর্তিচ্ছু প্রার্থীকে অন-লাইনে ১ম ও ২য় শিফটের যে কোন এক শিফটের জন্য আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) অথবা উভয় শিফটে আবেদনের জন্য আবেদন ফি বাবদ ৩০০/ (তিনশত টাকা) প্রথমে টেলিটক প্রি-পেইড মোবাইলের মাধ্যমে 16222 নম্বরে SMS করে জমা দিতে হবে। অতঃপর **www.btebadmission.gov.bd** অথবা **www.bteb.gov.bd** অথবা **www.techedu.gov.bd** অথবা **www.moedu.gov.bd** অথবা **www.nsdc.gov.bd** ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদন ফরম **(Application form)** যথাযথভাবে পূরণ করতে হবে।

৪.২ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এস.এস.সি. উত্তীর্ণ আবেদনকারীদের নম্বরপত্রের সত্যায়িত কপি ও পাসপোর্ট সাইজের ২কপি সত্যায়িত রঙ্গিন ছবিসহ নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ১৪/০৬/২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পিছনের বিল্ডিংয়ের ২০১ নং কক্ষে সরাসরি অথবা ডাকযোগে পৌছানো নিশ্চিত করতে হবে। ফরমটি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (**www. btebadmission.gov.bd**) থেকে সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

৪.৩ সংরক্ষিত কোটার আবেদনকারীগণ অন-লাইনে আবেদন করার পরে আবেদনের প্রিন্ট কপি ও অনুচ্ছেদ ৯.৩ এ বর্ণিত সকল কাগজপত্র আগামী ১৪/০৬/২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পিছনের বিল্ডিংয়ের ২০১ নং কক্ষে সরাসরি অথবা ডাকযোগে পৌছানো নিশ্চিত করতে হবে। অন্যথায় নির্ধারিত কোটা বিবেচ্য হবে না।

৪.৪ ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি শিক্ষা মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রনালয়, ভূমি মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট কাউন্সিল (NSDC), বিএমইটি (BMET) , এফবিসিসিআই (FBCCI), বিজিএমইএ (BGMEA), বিকেএমইএ (BKMEA) সহ সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজ এর ওয়েবসাইট এ পাওয়া যাবে।

## ৫.০ ফি জমা দেয়ার পদ্ধতি ঃ

৫.১ টেলিটকের Prepaid মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে **BTAD** লিখে, স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এস.এস.সি. পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এস.এস.সি. পাসের সন লিখে স্পেস দিয়ে এস.এস.সি.'র রেজিস্ট্রেশন নম্বর লিখে স্পেস দিয়ে ভর্তির শিফটের নির্ধারণ অক্ষর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

উদাহরণঃ **BTAD <Space>XXX<Space>YYYYYY< Space>ZZZZ<Space>RRRRRR<Space>S** এখানে, **XXX** এর স্থলে আবেদনকারী যে শিক্ষা বোর্ড থেকে এস.এস.সি. পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর [যেমন, ঢাকা বোর্ডের বেলায় (DHA), সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (BTE)], **YYYYYY** এর স্থলে আবেদনকারীর এস.এস.সি. পাসের রোল নম্বর ও ZZZZ এর স্থলে এস.এস.সি. পাসের সন, **RRRRRR** এর স্থলে এস.এস.সি.'র রেজিস্ট্রেশন নম্বর এবং S-এর স্থলে ১ম শিফট **(A)**, ২য় শিফট **(B)**, উভয় শিফট **(C)** হবে।

৫.২ SMS-প্রেরণকারী আবেদনের যোগ্য হলে প্রার্থীর নাম, পিতার নাম, শিফট, একটি **PIN** নম্বর এবং পরীক্ষার ফি হিসেবে এক শিফটের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) / উভয় শিফটের জন্য ৩০০/= (তিনশত) টাকা কেটে রাখার সম্মতি চেয়ে ফিরতি SMS দেয়া হবে। ফিরতি SMS মনোযোগের সাথে দেখে নিয়ে তথ্যাদি সঠিক থাকলে সম্মতি দিতে হবে। সম্মতি দেয়ার জন্য **BTAD<Space>YES<Space>PIN<Space>** যোগাযোগের **Mobile Number** লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। তবে যেকোন অপারেটরের একটি **Mobile Number** কেবলমাত্র একজন প্রার্থীর যোগাযোগের জন্য ব্যবহার করতে হবে। প্রার্থীকে **Money receipt** নম্বরসহ একটি ফিরতি SMS দেয়া হবে। উল্লেখ্য যে, **Money receipt** নম্বরটি নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে এবং **Money receipt** নম্বরটি পাওয়ার পরে অন-লাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।

৬.০ **আবেদন ফরম পূরণের ধাপ ঃ**

৬.১ www.btebadmission.gov.bd অথবা www.bteb.gov.bd অথবা www.moedu.gov.bd অথবা www.techedu.gov.bd অথবা www.nsdc.gov.bd ওয়েবসাইটের Home page হতে "পলিটেকনিক-টিএসসি(ডিপ্লোমা) ভর্তি" বাটনে ক্লিক করে Application form Open করতে হবে।

৬.২ ১ম ধাপে, আবেদনকারীর রোল, বোর্ড, পাসের সন এবং রেজিঃ নং পূরণ করতে হবে। আবেদনকারীর তথ্য, ধারা নং '৩' এ উল্লেখিত যোগ্যতা অনুযায়ী সঠিক হলে এবং টেলিটকের মাধ্যমে ফি জমা দেয়া হয়ে থাকলে, আবেদনের পরের ধাপে যেতে পারবে।

৬.৩ ২য় ধাপে টেলিটকের SMS এর মাধ্যমে পাওয়া Transaction Code পূরণ করতে হবে। Transaction Code সঠিক হলে পরের ধাপে যেতে পারবে।

৬.৪ ৩য় ধাপে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে এবং এখানে আবেদনকারীর ছবি (JPG Format-এ, এবং অনধিক 50 KB) আপলোড করতে হবে। এছাড়াও আবেদনকারীর কোন কোটা যুক্ত হলে সেই সংক্রান্ত document আপলোড করতে হবে।

৬.৫ ৪র্থ ধাপে (SMS এ আবেদনকৃত শিফ্ট এর পছন্দ অনুযায়ী) সকল প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের টেকনোলজি প্রদর্শিত হবে এবং সেখান থেকে প্রতি শিফ্ট এ অনধিক ১০টি করে প্রতিষ্ঠান-টেকনোলজি পছন্দ করতে পারবে।

৬.৬ প্রতিষ্ঠান-টেকনোলজি পছন্দ শেষ হলে পরের ধাপে পছন্দকৃত সকল শিফ্ট-প্রতিষ্ঠান-টেকনোলজি প্রদর্শিত হবে এবং এখানে আবেদনকারী তার পছন্দক্রম পরিবর্তন করতে পারবে।

৬.৬ অতঃপর আবেদনকারীকে তার সকল তথ্য, ছবি, পছন্দকৃত প্রতিষ্ঠান-টেকনোলজি এবং পছন্দক্রম প্রদর্শন করা হবে, এবং আবেদন সম্পন্ন করার সর্বশেষ অনুমতি চাওয়া হবে। আবেদন সম্পন্ন হলে আবেদনকারীর contact মোবাইলে SMS এর মাধ্যমে আবেদনের Application ID এবং Pin Number পাঠানো হবে। এই Application ID এবং Pin Number দিয়ে পরবর্তীতে আবেদনকারী তার আবেদনের তথ্যসমূহ পরিবর্তন করতে পারবে।

৭.০ **মেধা তালিকা প্রণয়ন ঃ**

এসএসসি পাসের রেজাল্ট , পছন্দের ক্রম , কোটা ও অন্যান্য প্রযোজ্য শর্তের ভিত্তিতে প্রার্থীর মেধা তালিকা প্রণয়ন করা হবে ।

৮.০ **অপেক্ষমান তালিকা প্রণয়ন ঃ**

৮.১ মোট আসন সংখ্যা অনুযায়ী মেধা, পছন্দের ক্রম ও কোটা ভিত্তিক তালিকা প্রণয়নের পাশাপাশি একটি অপেক্ষমান তালিকা প্রণয়ন করা হবে।

৮.২ মেধাক্রম অনুযায়ী ভর্তিকৃত প্রার্থী পছন্দের ক্রমানুসারে প্রতিষ্ঠান/টেকনোলজি ভিত্তিক মাইগ্রেশনের সুযোগ পাবে।

৮.৩ মেধা তালিকা অনুযায়ী ভর্তির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর প্রতিষ্ঠান/টেকনোলজি ভিত্তিক শূন্য আসনে অপেক্ষমান তালিকা হতে মেধা, পছন্দের ক্রম ও কোটার ক্রমানুসারে ভর্তি করা হবে।

৯.০ **সরকার কর্তৃক নির্ধারিত কোটা ঃ**

৯.১ মহিলা কোটা -২০%; এস.এস.সি. (ভোকেশনাল)-১৫%; ক্ষুদ্র নৃ-গোষ্ঠি কোটা (ঢাকা, চট্টগ্রাম, বাংলাদেশ-সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউটের প্রতিটিতে ৪টি করে এবং অন্যান্য পলিটেকনিক ইনস্টিটিউট, ভিটিটিআই ও সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে ২টি করে); মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের প্রতি টেকনোলজিতে প্রতি গ্রুপে ২টি করে); বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী কোটা ৫% এবং শিক্ষা মন্ত্রণালয়াধীন কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের জন্য ২% কোটা সংরক্ষিত থাকবে।

৯.২ এস.এস.সি.সহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স সম্পন্ন প্রার্থীদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম অনুযায়ী ৫% কোটা সংরক্ষিত থাকবে।

৯.৩ সরকার নির্ধারিত কোটায় আবেদনের প্রমানপত্র ঃ (ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠি প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র (খ) মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ মন্ত্রণালয়ের সনদপত্র (গ) শিক্ষা মন্ত্রণালয়াধীন কারিগরি শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর/প্রতিষ্ঠান প্রধানের সনদপত্র (ঘ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের সনদপত্র এবং (ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্সধারীদের সনদপত্রের সত্যায়িত ফটোকপি, আবেদনকারীর Application ID সম্বলিত প্রিন্ট আউটসহ আবেদনপত্র নির্ধারিত সময়সীমার মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পিছনের বিল্ডিংয়ের ২০১ নং কক্ষে সরাসরি অথবা ডাকযোগে পৌছানো নিশ্চিত করতে হবে।

৯.৪ অন-লাইনে আবেদনের পর সরকার নির্ধারিত কোটা সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে ৯.৩ অনুচ্ছেদে বর্ণিত সকল প্রমাণপত্রসমূহ (Application ID ) সম্বলিত আবেদনের প্রিন্ট কপিসহ) নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন ফরম পাওয়া না গেলে প্রযোজ্য কোটা বিবেচ্য হবে না।

৯.৫ সরকার নির্ধারিত কোটায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে পর্যায়ক্রমে মেধা তালিকা/অপেক্ষমান তালিকা হতে কোটাভিত্তিক শূন্য আসন পূরণ করা হবে।

১০.০ **শূন্য আসন পূরণ ঃ**

১০.১ ভর্তিকৃত কোন শিক্ষার্থী ক্লাস শুরুর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্লাসে অনুপস্থিত থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। উক্ত শূন্য আসন পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুসারে পূরণ করা হবে।

১০.২ ভর্তির ক্ষেত্রে ২০% ড্রপ-আউট বিবেচনায় টেকনোলজি ভিত্তিক প্রতি গ্রুপে আসন সংখ্যা ৫০(পঞ্চাশ) নির্ধারন করা হয়েছে।

১১.০ **ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলি ঃ**

১১.১ অনলাইনে আবেদন ফরম পূরণ, ছবি সংযোজন, টেলিটকের মাধ্যমে আবেদন ফি প্রেরণসহ আনুষঙ্গিক কার্যক্রম প্রার্থী নিজ দায়িত্বে সম্পন্ন করবে। প্রার্থী এ বিষয়ে কারো সহযোগীতা নিয়ে প্রতারিত হলে কর্তৃপক্ষ এর জন্য দায়ী থাকবে না ।

১১.২ ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম অন-লাইনে এবং ভর্তি নীতিমালা-২০১৭ অনুযায়ী সম্পাদিত হবে।

১১.৩ যে কোন তথ্যের জন্য নিম্ন ঠিকানায় যোগাযোগ করা যাবে ঃ


ড. মোহাম্মদ আবু সাঈম
উপ পরিচালক (প্রকাশনা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
মোবাইল ঃ ০১৯১৩-০৪০৮৪০
টেলিফোন ঃ ০২-৮১৮১৬৭৪

ড. শেখ আবু রেজা
কন্সালটেন্ট
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
মোবাইল : ০১৯৯২০০৬২৬২

২২/৫/২০১৭
মোঃ আক্তারউজ্জামান
পরিচালক (কারিকুলাম)
ও
সদস্য সচিব, ভর্তি পরিচালনা কমিটি
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
মোবাইল ঃ ০১৭১৪-০৭৩৭২৬
টেলিফোন ঃ ০২-৯১৪০৬৪০